সেবাই আমাদের ধর্ম
গাংনী পৌরসভা কার্যালয়
গাংনী, মেহেরপুর
www.ps.gangni.meherpur.gov.bd

স্মারক নং: গা/পৌ/২০২৬/১১ (৬৭)

তারিখ : ০৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি, ২০২৬ খৃষ্টাব্দ

**গাংনী পৌরসভার হাট বাজারসমূহের ১৪৩৩ বঙ্গাব্দের ইজারা বিজ্ঞপ্তি :**
**দরপত্র বিজ্ঞপ্তি নং : ০২/২০২৫-২০২৬**

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাংনী পৌরসভার মালিকানাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪৩৩ বঙ্গাব্দের জন্য (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত) অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে কোন (আদালতের আদেশদ্বারা বারিত না করা সাপেক্ষে) আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট থেকে অত্রাফিসের নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

প্রতিটি দরপত্র ফরম বিজ্ঞপ্তি ছকের ০৮নং কলামে উল্লেখিত মূল্যের বিনিময়ে (অফেরতযোগ্য) যথাক্রমে: (১) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী (৩) উপজেলা ভূমি অফিস,গাংনী (৪) সোনালী ব্যাংক লিঃ, গাংনী শাখা এবং (৫) গাংনী থানা (পুলিশ স্টেশন) হতে নিম্নলিখিত তারিখসমূহের পূর্বদিন অফিস চলাকালীন পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র নিম্নবর্ণিত ১ম দাখিলের তারিখ ক্রমানুসারে সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী, উপজেলা ভূমি অফিস,গাংনী, সোনালী ব্যাংক লিঃ গাংনী শাখা এবং গাংনী থানা (পুলিশ স্টেশন) গাংনীর রক্ষিত দরপত্র/টেন্ডার বক্সে দাখিল করতে হবে। ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

| ক্র: নং: | হাট বাজারের নাম | দরপত্র গ্রহণের তারিখসমূহ (১ম তারিখে প্রাপ্ত দরপত্র বিবেচিত হলে পরবর্তী তারিখগুলো প্রযোজ্য হবে না) | | | | ০৩ বছরের ইজারা মূল্যের গড়ের সাথে ৬% বৃদ্ধিতে সরকারি মূল্যে | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম তারিখ | ২য় তারিখ | ৩য় তারিখ | ৪র্থ তারিখ | | |
| ১ | গাংনী হাট (সবজি বাজার ও পৌর মৎস্য আড়ৎ সহ) | ১৯.০২.২০২৬ | ২৬.০২.২০২৬ | ০৫.০৩.২০২৬ | ১২.০৩.২০২৬ | ৪৮১৪১৬৭ | ১০,০০০/- |
| ২ | বাশঁবাড়ীয়া হাট | ১৯.০২.২০২৬ | ২৬.০২.২০২৬ | ০৫.০৩.২০২৬ | ১২.০৩.২০২৬ | ৩১৮৩৯০ | ১,৪০০/- |
| ৩ | পৌর জবেহ খানা | ১৯.০২.২০২৬ | ২৬.০২.২০২৬ | ০৫.০৩.২০২৬ | ১২.০৩.২০২৬ | ৯৭৮০৫ | ১,০০০/- |

## ১৪৩৩ বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী:

১। বাংলা ১৪৩৩ ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মেয়র, গাংনী পৌরসভা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর ) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় বাজারের জন্য জামাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চর্টি টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজদিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যক্রমর্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সবোর্চ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। হাটবাজার নীতিমালা ও স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-২ শাখার ২০ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী ৩ বছরের গড় মূল্যের ৬% অতিরিক্ত মূল্য বৃদ্ধি করে হাট বাজারের গড় মূল্য নির্ধারণ করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

১৯। যে কোন প্রকার পশু (হালাল) জবেহ অবশ্যই জবেহ খানায় করতে হবে।

২০। সরকারী উন্নয়নের স্বার্থে পৌর হাট স্থানান্তরের প্রয়োজন হলে হাট ইজারাদারের কোন আপত্তি করতে পারবে না।

(মোঃ শামীম রেজা)
সহকারী প্রকৌশলী
গাংনী পৌরসভা

স্মারক সংখ্যা: গা/পৌ/ ২০২৬/১১(৬৭) তারিখঃ-১৯ জানুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক, মেহেরপুর
৩। অতিরিক্তি জেলা প্রশাসক,মেহেরপুর (রাজস্ব)

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো:

৪। প্রশাসক, মেহেরপুর পৌরসভা
৫। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী ,মেহেরপুর
৬। জনাব..........................................................................., গাংনী পৌরসভা
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাংনী ,মেহেরপুর
৮। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, গাংনী, মেহেরপুর
৯। সাব-রেজিষ্ট্রার, গাংনী, মেহেরপুর
১০। উপজেলা রাজস্ব কর্মকর্তা, গাংনী, মেহেরপুর
১১। উপজেলা পোষ্ট মাষ্টার, গাংনী ,মেহেরপুর
১২। তহসিলদার, গাংনী ,মেহেরপুর
১৩। প্রেস ক্লাব, গাংনী ,মেহেরপুর
১৪। জনাব...........................................................................................(ইজারাদার)
১৫। সম্পাদক, সম্পাদক, দৈনিক ........................................................, ও সম্পাদক, দৈনিক ........................................................................
(ভিতরের পাতায় স্বল্প পরিসরে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটীশ বোর্ড

(মোঃ শামীম রেজা)
সহকারী প্রকৌশলী
গাংনী পৌরসভা